গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড,ঢাকা
http://www.dwa.gov.bd

তারিখ: ২৯ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
১৪ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৩২.০১.০০০০.০০৮.০৮.০৩৩.১৮.৫৮

**বিষয়: মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'ভালনারেবল উইমেন বেনেফিট' (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় ২০২৫-২০২৬ চক্রে ভিডব্লিউবি প্রত্যাশী মহিলাদের আবেদন গ্রহণ ও নির্বাচন সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন **'ভালনারেবল উইমেন বেনিফিট' (ভিডব্লিউবি)** কার্যক্রমের আওতায় ২০২৫-২০২৬ চক্র **১** জানুয়ারি, ২০২৫ তারিখ হতে শুরু হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট পরিপত্র www.dwa.gov.bd ওয়েবসাইটে দেয়া হয়েছে এবং অনলাইনে আবেদন গ্রহণ শুরু করার জন্য একটি কর্মপরিকল্পনা এতদসংগে সংযুক্ত করে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)। কর্মপরিকল্পনা অনুযায়ী আবেদন গ্রহণ ও উপকারভোগী নির্বাচনে নিম্নরূপ নির্দেশনা অনুসরণের জন্য বলা হলো:

১. ২০২৫-২০২৬ চক্রে উপকারভোগী নির্বাচনের পরিপত্র যথাযথভাবে অনুসরণপূর্বক উপকারভোগী নির্বাচন করতে হবে।

২. ইউনিয়ন পরিষদের চেয়ায়ম্যান/চেয়ারম্যানের অবর্তমানে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত কর্মকর্তাদের সাথে সমন্বয় করে আবেদনের বিষয়, তারিখ ও স্থান উল্লেখপূর্বক গ্রাম পর্যায়ে মাইকিং করতে হবে।

৩. ভিডব্লিউবি শাখা হতে সরবরাহকৃত পোস্টার ভিডব্লিউবি এনজিওর মাধ্যমে গ্রাম/পাড়া/বাজার/ইউনিয়ন পরিষদের দর্শনীয় স্থানে দেয়ালে আঠা দিয়ে পরপর (৫-১০টি) লাগানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে বহুল প্রচারের জন্য স্থানীয় জামে মসজিদে প্রেরণ করা যেতে পারে।

৪. বিশ্ব খাদ্য কর্মসূচির সহায়তায় ভিডব্লিউবি উপকারভোগী নির্বাচন সংক্রান্ত ভিডিও/জিংগেল/ফেস্টুন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত ফেস্টুন জেলা/উপজেলা ও ইউনিয়ন পরিষদের দর্শনীয় স্থানে স্থাপন করতে হবে। ভিডিও ও জিংগেল www.dwa.gov.bd ওয়েবসাইট হতে সংগ্রহ করে এনজিও'দের মাধ্যমে চলমান উপকারভোগীদের প্রশিক্ষণে প্রদর্শন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং উপজেলা নির্বাহী অফিসারের অনুমোদনক্রমে স্থানীয় ক্যাবল নেটওয়ার্কে বিনামূল্যে প্রচারের ব্যবস্থা করা যেতে পারে।

৫. ভিডব্লিউবি কার্যক্রমের বিদ্যমান MIS-এ এনআইডি নম্বর ব্যবহার করে উপকারভোগীদের নিবন্ধন সম্পন্ন করা হয়। আবেদনকারীদের ব্যক্তিগত তথ্যের নিরাপত্তা জোরদারের লক্ষ্যে আবেদনের সময় তাদের নিজস্ব মোবাইল নম্বর ব্যবহার নিশ্চিতকরণে One Time Password (OTP) প্রেরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। পাশাপাশি অন্যান্য নতুন কিছু ফিচার যুক্তকরণসহ MIS-কে আরো ব্যবহারকারী বান্ধব হিসেবে উন্নীতকরণের কার্যক্রম চলমান রয়েছে এবং ডিসেম্বর, ২০২৪ এর ২য় সপ্তাহের মধ্যে অনলাইনে আবেদন গ্রহণ প্রক্রিয়া শুরুর সম্ভাব্য সময় নির্ধারণ করা হয়েছে।

৬. পরিপত্রের নির্দেশনা অনুযায়ী অনলাইন ব্যতিত কোন আবেদন গ্রহণ করা যাবে না। পার্বত্য জেলাসমূহসহ অন্যান্য দুর্গম এলাকা যেখানে ইন্টারনেট সংযোগ নেই সেখানে মোবাইল অ্যাপের মাধ্যমে অফলাইনেও আবেদন করা যাবে। আবেদনকারী তার নিজ মোবাইল নম্বর উল্লেখ করে আবেদন করবেন।

৭. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার, তথ্য আপা প্রকল্পের উপজেলা তথ্য কর্মকর্তা/ তথ্য সেবা সহকারী এবং ভিডব্লিউবি ওয়ার্ড কমিটির সমন্বয়ে নির্দিষ্ট সময়, তারিখ ও স্থান নির্ধারণপূর্বক ওয়ার্ডভিত্তিক ভিডব্লিউবি উপকারভোগী নির্বাচনের জন্য সকল আবেদনকারীকে হাজির করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৮. নির্ধারিত সময়, তারিখ ও স্থানে তথ্য আপা প্রকল্পের উপজেলা তথ্য কর্মকর্তা/তথ্য সেবা সহকারী কর্তৃক প্রয়োজনীয় উপকরণসহ (ল্যাপটপ ও ইন্টারনেট সংযোগ) অনলাইনে আবেদন গ্রহণের প্রয়োজনীয় সহায়তা করবেন। প্রয়োজনীয় সমন্বয় ও আবেদনকারীদের উপস্থিতির বিষয়ে ভিডব্লিউবি কার্যক্রমের আওতায় চুক্তিবদ্ধ এনজিও'দের সহায়তাও গ্রহণ করা যেতে পারে।

৯. ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে কোন ভিডব্লিউবি সহায়তা প্রত্যাশী নারী জাতীয় পরিচয়পত্র এবং আবেদনের হার্ড কপি নিয়ে আসলে অনলাইনে আবেদন করার বিষয়ে তাকে প্রয়োজনীয় সহায়তা করতে হবে।

১০. টোল ফ্রি হটলাইন ৩৩৩ নম্বরে কল করেও আবেদন করা যাবে।

১১. পরিপত্রের ২.২ অনুযায়ী চলমান ২০২৩-২০২৪ চক্রে অপেক্ষমান তালিকায় অন্তর্ভুক্ত আবেদনকারী ২০২৫-২০২৬ চক্রে অন্তর্ভুক্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন। ২০২৩-২০২৪ চক্রে অপেক্ষমান তালিকায় অন্তর্ভুক্ত আবেদনকারীসহ ২০২৫-২০২৬ চক্রের আবেদনকারীদের প্রকৃত অবস্থা সরেজমিনে যাচাইপূর্বক অগ্রাধিকার নম্বর/মান (Weightage) এর ভিত্তিতে প্রাথমিক তালিকা (ছক-০২ অনুযায়ী) প্রস্তুত করার নির্দেশনা রয়েছে। সেক্ষেত্রে ২০২৫-২০২৬ চক্রে অনলাইনে আবেদন গ্রহণের পূর্বে ২০২৩-২০২৪ চক্রে অপেক্ষমান তালিকায় থাকা আবেদনকারীদের তথ্য সরেজমিনে যাচাই কার্যক্রম সম্পন্ন করা যেতে পারে।

১২. আবেদন যাচাইয়ের পর পরিপত্র অনুযায়ী ইউনিয়ন ভিডব্লিউবি কমিটি কর্তৃক সর্বোচ্চ নম্বরধারীগণকে চূড়ান্ত নির্বাচনের লক্ষ্যে প্রাথমিকভাবে সুপারিশ করবে।

১৩. ইউনিয়ন হতে সুপারিশকৃত তালিকা ভিডব্লিউবি এমআইএস থেকে প্রিন্ট করে চূড়ান্ত নির্বাচনের জন্য উপজেলা ভিডব্লিউবি কমিটির সভায় উপস্থাপন করতে হবে।

১৪. ভিডব্লিউবি কার্যক্রমের আওতায় উপকারভোগী নির্বাচনের লক্ষ্যে প্রচার-প্রচারণার ব্যানার ও অন্যান্য খরচ বাবদ প্রতিটি জেলার জন্য ৩,০০০/- (তিন হাজার) টাকা, প্রতিটি উপজেলার জন্য ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা এবং প্রতিটি ইউনিয়নে মাইকিং এর জন্য ১,৮০০/- (এক হাজার আটশত) টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে। এছাড়া, জেলা অবহিতকরণ সভার জন্য নূন্যতম ৩১,২৪০/- টাকা এবং সর্বোচ্চ ৬৯,৪০০ টাকা, উপজেলার জন্য নুন্যতম ১৪,৪০৫/- টাকা এবং সর্বোচ্চ ৪২,৩০৫ টাকা বরাদ্দ রাখা হয়েছে। মন্ত্রণালয়ের অনুমোদন পাওয়া মাত্র মাঠ পর্যায়ে বাজেট ন্যাস্ত করা হবে।

১৫. উপজেলা কমিটি কর্তৃক চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীর তালিকা ভিডব্লিউবি এমআইএস হতে প্রিন্ট করে উপজেলা ভিডব্লিউবি কমিটির স্বাক্ষর গ্রহণ করতে হবে।

১৬. উপকারভোগী নির্বাচন, যাচাই-বাছাই, চূড়ান্ত তালিকা উন্মুক্ত স্থানে প্রদর্শন ও কার্ড বিতরণ ইত্যাদি সকল কার্যক্রম পরিপত্র এবং এ সংক্রান্ত কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে সম্পন্ন নিশ্চিত করতে হবে।

এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনা অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ জানানো হলো।


১৪-১১-২০২৪
জাকিয়া আফরোজ
পরিচালক (অতি: সচিব)
০২-৫৮৩১০৬২৯
dwadhaka.director@gmail.com


উপপরিচালক (সকল) জেলা পর্যায় (উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসারকে অবহিত এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

**স্মারক নম্বর:** ৩২.০১.০০০০.০০৮.০৮.০৩৩.১৮.৫৮/১ (৭)

তারিখ: ২৯ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ / ১৪ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব, কার্যক্রম অনুবিভাগ, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
২। জেলা প্রশাসক (সকল)।
৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৫। উপপরিচালক (ভিডব্লিউবি), মহিলা বিষয়ক অধিদপ্তর।
৬। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার (সকল)।
৭। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালকের দপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৪-১১-২০২৪
জাকিয়া আফরোজ
পরিচালক (অতি: সচিব)